

আয়কর আইন, ২০২৩
(২০২৩ সনের ১২ নং আইন)

অংশ ৭
কর পরিশোধ
তৃতীয় অধ্যায়
উৎসে কর সংগ্রহ

সম্পত্তির ইজারা হইতে কর সংগ্রহ। ধারা ১২৮।- Registration Act, 1908 (Act No. XVI of 1908) এর অধীন নিবন্ধনের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অনূ্যন ১০ (দশ) বৎসরের মেয়াদের কোনো স্থাবর সম্পত্তির ইজারা সম্পর্কিত কোনো দলিল নিবন্ধন করিবেন না, যদি না উক্তরূপ সম্পত্তির ইজারা মূল্যের উপর ৪% (চার শতাংশ) হারে ইজারাদার কর্তৃক কর পরিশোধ করা হয়।